হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে, যেব্যক্তি সুরা ওয়াক্বিয়াহ্ প্রতি রাত্রিতে পাঠ করবে সে কখনোও উপবাসে থাকবে না। হযরত ইবনে মাসঊদ রাদ্বীয়াল্লাহু আনহু তাঁর সাহেবজাদীগণকে প্রত্যেক রাত্রিতে পাঠ করার নির্দেশ দিতেন(বাইহাক্বী)।

ক্বর একটা ভয়ানক জায়গা তাই ক্বরের আযাব থেকে বাঁচার জন্য সুরা মুল্কের ফযিলত বর্ণনা করলামঃ-

সুরা মুল্কের ফযিলত

হাদীস শরীফঃ-

হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যতক্ষন সুরা মুল্ক না পাঠ করতেন ততক্ষন শয়ন করতেন না (আহ্মদ, তির্মিযী, দারমী)।

হাদীস শরীফঃ-

ক্বোরআনে ত্রিশ আয়াত বিশিষ্ট একটা সুরা আছে যা মানুষের জন্য শুফারিশ করতে থকবে এই পর্যন্ত যে,পাঠকারীর মাগফিরাত হয়ে যাবে। সেই সুরাটি হল তাবারাকাল্লাযী বিয়াদিহিল মুল্কু (২৯পারার প্রথম সুরা)(আহ্মদ,তির্মিযী,আবূ দাউদ,নাসাঈ, ও ইবনে মাযাহ্)।

হাদীস শরীফঃ-

হুযুরনবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পবিত্র ইরশাদ সুরা মুল্ক হল,মানি আহ্ অর্থাৎ বাধা সৃষ্টিকারী,রক্ষাকারী ও মুনজিয়াহ্ অর্থাৎ নাযতদাতা। এটা ক্বরের আযাব থেকে মুক্তি দেয়(তিরমিযী শরীফ)। অনুবাদক

আজই সংগ্রহ করুন
বিদয়াতের বিরুদ্ধে
১০০টি ফাতাওয়া
অনুবাদক
মুফতী মুহাম্মাদ সাফাউদ্দিন সাক্বাফী
আল আশরাফী

হাদীস শরীফ-৫

হযরত সাইয়্যেদুনা ইবনে ওমার রাদ্বীয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে,যখন তোমাদের মধ্যে কেউ অভাবের মধ্যে পড়বে,তাকে একথা বলতে কে নিষেধ করেছে?(অর্থাৎ কেউ যখন অভাবে পড়বে তখন সে যেন ইহা পড়ে)যখনই ঘর থেকে বার হবে তখনই ইহা পাঠ করবে—

بِسْمِ اللّٰهِ عَلٰى نَفْسِىْ وَمَالِىْ وَدِيْنِىْ اَللّٰهُمَّ رَضِنِىْ بِقَضَائِكَ وَبَارِكْ لِىْ فِيْمَا قَدَّرْتَ حَتّٰى لَا اُحِبُّ تَعْجِيْلَ مَا اَخَّرْتَ وَلَاتَأْخِيْرَ مَا عَجَّلْتَ

উচ্চারণঃ-বিস্মিল্লাহি আলা নাফ্সী ওয়া মা—লী ওয়া দীনী আল্লাহুম্মা রাদ্বিনী বি ক্বাদ্বা—ইকা ওয়া বা—রিক লী ফীমা ক্বাদ্দার্তা হাত্তা— লা—য়ুহিব্বু তায়াজীলা মা—আখ্খার্তা ওয়ালা তা'খীরা মা—আজ্জাল্তা।

অনুবাদঃ-আল্লাহর নামের বরকতে,আমার জান মাল এবং দ্বীনের মধ্যে অ্যায়! আল্লাহ আমাকে নিজের তাক্বদীরের উপরে রাযী রাখুন এবং যা আমার জন্য নির্দিষ্ট করেছেন তার মধ্যে বর্কত নাযিল করুন।

এই পর্যন্ত যে,যেটাকে আপনি দূরে করে দিয়েছেন তার জন্য আমি তাড়াতাড়ি করছি না এবং যেটাকে আপনি আমার সামনে করেদিয়েছেন সেটাকে আমি দূরে চাই না(ইমাম আবুবাকার বিন ইসহাক্ব দীনূরী ইমাম ইবনুস্ সিনী রাদ্বীয়াল্লাহু আনহুমাইন্তেকাল-৩৬৪হিজরীবর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-৬

হযরত সাইয়্যেদাতুনা আয়েশা সিদ্দিকা রাদ্বীয়াল্লাহু আনহা হতে বর্ণিত যে, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ ফরমান, যখন আল্লাহ্ তায়ালা হযরত আদম আলাইহিস্ সালামকে পৃথিবীর বুকে পাঠালেন তখন তিনি(আলাইহিস্ সালাম)দাঁড়িয়ে গেলেন এবং কাবা শরীফের কাছে তাশরীফ নিয়ে গেলেন এবং দুই রাকায়াত নামায পাঠ করলেন। তখন আল্লাহ্ তায়ালা তাঁর(আলাইহিস্ সালাম)উপরে এই দুয়া ইলহাম করলেনঃ-

اَللّٰهُمَّ اِنَّکَ تَعْلَمُ سِرِّیْ وَعَلَنِیَتِیْ فَاقْبِلْ مَعْذِرَتِیْ وَتَعْلَمُ مَافِیْ نَفْسِیْ فَاغْفِرْلِیْ ذُنُوْبِیْ اَللّٰهُمَّ اَسْئَلُکَ اِیْمَانًا یُّبَاشِرُ قَلْبِیْ وَیَقِیْنًا صَادِقًا حَتّٰی أَعْلَمَ أَنَّهُ لَا یُصِیْبُنِیْ اِلَّا مَا کَتَبْتَ لِیْ وَرَضِّنِیْ بِمَا قَضَیْتَ لِیْ.

উচ্চারণঃ-আল্লাহুম্মা ইন্নাকা তায়ালামু সির্‌রি ওয়া আলা নিয়াতী ফাক্বিল মায়াযিরাতি ওয়া তায়ালামু মা¯ফী নাফ্‌সী ফাগফির্‌লী যুনুবী আল্লাহুম্মা আস্যালুকা ঈমা¯নান যুবাশিরু ক্বালবী ওয়া ইয়াক্বীনান সা¯দিকান হাত্তা আ-লামু আন্নাহু লা¯য়ুসিবুনি ইল্লা মা¯ কাতাবতা লী ওয়া রাদ্বদ্বিনী বিমা ক্বাদ্বাইতা লী।

অনুবাদঃ-অ্যায় আল্লাহ্! আপনি আমার গোপনীয় এবং প্রকাশ্যের সমস্ত কাজ থেকে অবহিত আছেন। অতএব যা কিছু আমার(আলাইহিস্ সালাম)দিলের মধ্যে আছে,সেটাও আপনি জানেন। আমার(আলাইহিস্ সালাম)মায়াযিরাত(বাহানা)কে কবুল করুন এবং আমার গুনাহকে মাফ করে দিন,ইয়া আল্লাহ্ আপনার কাছে ইমান এবং সত্যের জন্য আরয করছি, যা আমার দিলকে পরিপূর্ণ করে দিবে এই পর্যন্ত যে,আমার দৃঢ় হয়ে যাবে এই ব্যাপারে যে,আমি শুধু ওটাই পোয়াবো যেটা আপনি আমার জন্য নির্ধারিত করেছেন এবং যা আমার জন্য নির্দিষ্ট করেছেন। আমাকে তার উপরে রাযী থাকার তৌফিক দান করুন।

যখন হযরত আদম আলাইহিস্ সালাম উক্ত দুয়া পাঠ করলেন,তখন আল্লাহ্ তায়ালা ওহির দ্বারা ইরশাদ করলেনঃ- অ্যায় হযরত আদম আলাইহিস্ সালাম! আমি আপনার তাওবা কবুল করলাম এবং আপনার পদস্খলন দূর করে দিলামএবং যেকেহ এই দুয়ার দ্বারা প্রার্থণা করবে আমি তার গুনাহকে মাগ করে দেবো এবং আমার হুকুমের দ্বারা তার মুশকিলে মদত করবো এবং লাভ পৌঁছাবো এবং শয়তানকে আমি দূর করে দেবো এবং তার সাথে সমস্ত রকমের মোকাবিলা করার জন্য সাহায্য করব

এবং দুনিয়াকে নাকের ভরে তার সামনে ঝুকিয়ে দেবো যদিও সে দুনিয়া না চায়(হাফীযুল হাদীস ইমাম আবুল ক্বাসিম সুলাইমান ত্বাব্‌রাণী রাদ্বীয়াল্লাহু আনহু,ইন্তেকাল-৩৬০হিজরী,আলমুয়াজিমুল আওসাতের মধ্যে বর্ণনা করছেন)।

হাদীস শরীফ-৭

হযরত সাইয়্যেদুনা মাওলা আলী রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে, যেব্যক্তি প্রত্যেকদিন ১০০বারঃ-

لَااِلٰهَ اِلَّااللّٰهُ الْمَلِكُ الْحَقُّ الْمُبِيْنُ

উচ্চারণঃ-লা ইলা হা ইল্লাল্লা হুল মালিকুল হাক্কুল মুবীন। পাঠ করবে সে অভাবগ্রস্ত হওয়া থেকে বেঁচে থাকবে এবং ক্বরের ভয়ানক অবস্থা থেকে আরাম পাবে (ইমামুল কাবীর হাফিযুল হাদীস আহ্‌মাদ বিন আব্দুল্লাহ্ আবু নাঈম ইন্তেকাল-৪৩০হিজরী,এবং ইমামুল মুহাদ্দীসিন হাফিযুল মুহাদ্দীসিন হাফিয ও খাতিবে বাগদাদ ইন্তেকাল-৪৬৩হিজরী রাওয়াতুল মালিকে,ও ইমামুল কাবীর আবুস্ সুজা'য়া সিরওয়া দায়লামী ইন্তেকাল-৫০৯-হিজরী রাদ্বীয়াল্লাহু আনহুম মুস্‌নাদুল ফিরদাউসের মধ্যে বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-৮

হযরত সাইয়্যেদুনা ইবনে মাসঊদ রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে,যে ব্যক্তি নিজের ঘরে প্রবেশ করার সময় সুরা ইখলাস১ পাঠ করবে উক্ত পাঠকারী ব্যক্তির ঘরের লোকেদের এবং প্রতিবেশীদের থেকেও ফকীরি বা মুহতাজী দূর হয়ে যাবে অর্থাৎ উক্ত পাঠকারী ব্যক্তির ও তার ঘরের লোকেদের এবং তার প্রতিবেশীদেরও অভাব অনটন আসবে না(হা'ফিযুল হাদীস ইমাম আবুল ক্বাসিম সুলাইমান ত্বাব্‌রাণী রাদ্বীয়াল্লাহু আনহু,ইন্তেকাল-৩৬০হিজরী,আলমুয়াজিমুল আওসাতের মধ্যে বর্ণনা করছেন)।

১)সুরা ইখলাস হল এই—-

উচ্চারণঃ-বিস্‌মিল্লাহির্ রাহ্‌মানির রাহিম।
❶কুল হুয়াল্লা'হু আহাদ্।❷আল্লা'হুস্‌সামাদ।❸লাম ইয়ালিদ্ ওয়ালাম্ যূলাদ্।❹ওয়ালাম্ ইয়াকুল্লাহূ কুফুয়ান আহাদ্।

অনুবাদঃ-আল্লাহ্‌র নামে আরম্ভ,যিনি পরম দয়ালু,করুণাময়। ❶ আপনি বলুন, তিনি আল্লাহ্ তিনি এক। ❷ আল্লাহ্ পরমুখাপেক্ষী নন। ❸না তিনি কাউকে জন্ম দিয়েছেন এবং না তিনি কারো থেকে জন্মগ্রহণ করেছেন। ❹এবং না আছে কেউ তাঁর সমকক্ষ হবার। কানযুল ইমান।

সুরা ইখলাসের ফযিলতঃ-হাদীসঃ-আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞাসা করলেন তোমরা রাত্রিতে এক তৃতীয়াংশ ক্বোরআন মাজিদ পড়তে কি সক্ষম? লোকেরা আরয করলেন রাত্রিতে এক তৃতীয়াংশ ক্বোরআন মাজিদ কেউ কিভাবে পড়তে পারে? ইরশাদ করলেন সুরা ইখলাস একবার পাঠ করা এক তৃতীয়াংশ ক্বোরআন পাঠ করার সমান।(বুখারী ও মুসলিম)। হাদীসঃ-যে ব্যক্তি একদিনে ২০০বার সুরা ইখলাস পাঠ করবে আল্লাহ্ তার ৫০ বছরের গুনাহ্ মাফ করে দিবেন কিন্তু তার উপরে কর্জ বা দেনা থাকলে হবে না(তিরমিযী)। হাদীসঃ-যে ব্যক্তি শয়ন করার সময় ডান করটের উপর শুয়ে ১০০বার সুরা ইখলাস পাঠ করবে,আল্লাহ তায়ালা তাকে ক্বিয়ামত দিবসে বলবেন হে আমার বান্দা! তোমার ডাদন পাশ দিয়ে জান্নাতে চলে যাও। হাদীসঃ-নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে সুরা ইখলাস পাঠ করতে শুনলেন,তখন ইরশাদ করলেন-জান্নাত ওয়াজিব হয়ে গেছে(ইমাম মালিক, তিরমিযী,নাসাঈ)(অনুবাদক)।

হাদীস শরীফ-৯

হযরত সাইয়্যেদুনা ইবনে কায়াব রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত,তিনি বলেন যে, একব্যক্তি হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পবিত্র দর্বারে উপস্থিত হয়ে আরয করলেনঃ- ইয়া আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনি এই ব্যাপারে কি বলছেন যে,যদি আমি সব সময় দরুদে পাক পড়তে থাকি? তখন হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন-ইহা তোমাকে দুনিয়ার ও আখিরাতের দুঃখ কষ্ট থেকে পরিত্রান দিবে(হুজ্জাতুল আলাল আরদ্ হা¯ফায়যুল হাদীস ইমাম আহ্‌মদ বিন্ হাম্বাল রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-২৪১হিজরী, উত্তম সনদের দ্বারা বর্ণনা করেছেন)

হাদীস শরীফ-১০

হযরত সাইয়্যেদাতুনা আয়েশা সিদ্দিকা রাদ্বীয়াল্লাহু আনহা হতে বর্ণিত যে, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ ফরমান,অ্যায় আল্লাহ্! আমার(আলাইহিস্ সালাম) বৃদ্ধাবস্থার এবং বয়সের শেষ সময় পর্যন্ত আপনার রিযিক আমার(আলাইহিস্ সালাম) উপরে বর্কতময় করুন(হা¯ফিযুল হাদীস ইমাম আবুল ক্বাসিম সুলাইমান ত্বাব্‌রাণী রাদ্বীয়াল্লাহু আনহু,ইন্তেকাল-৩৬০হিজরী,হাসান সনদের দ্বারা এবং ইমামুল মুহাদ্দীসিন আবুবাকার আহমাদ বিন হুসাইন রাদ্বীয়াল্লাহু আনহু বাইহাকী ইন্তেকাল-৪৫৮হিজরী,বাইহাকীর মধ্যে বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-১১

হযরত সাইয়্যেদুনা জাবির বিন আব্দুল্লাহ্ রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে,আমি(আলাইহিস্ সালাম)কি তোমাদের এমন বস্তুর ব্যাপারে বলবো না? যা তোমাদেরকে দুশমন থেকে হিফাযত (সুরক্ষা)করবে এবং তোমাদের রিযিক তোমাদের কাছে পৌঁছে দিবে,আর তা হল আল্লাহর নিকটে রাত্রি ও দিনে দুয়া প্রার্থনা করতে থাকো কেন না, দুয়া হল মুমিনের হাতিয়ার(ইমামুল হা¯ফিয আশ্শাইখ আবীল আব্বাস্ জায়াফর বিন মুহাম্মদ আলমুস্তাগফিরী রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-৪৩২হিজরী কিতাবুদ্ দা-ওয়া¯তের মধ্যে বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-১২

হযরত সাইয়্যেদাতুনা উম্মে সালমা সিদ্দিকা রাদ্বীয়াল্লাহু আনহা হতে বর্ণিত যে,হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফযরের নামাযের পর ইহা বলতেনঃ-

اَللّٰهُمَّ اِنِّیْ اَسْئَلُکَ رِزْقًا طَیِّبًا

وَّعِلْمًا نَافِعًا وَّعَمَلًا مُّتَقَبَّلًا

উচ্চারণঃ-আল্লাহুম্মা ইন্নি আস্য়ালুকা রিয্ক্বা¯ন্ ত্বাইয়্যেবাউঁ ওয়া ইল্মান না¯ফিয়া¯উঁ ওয়া আমালা¯ম মুতাক্বাব্ বালা¯ন।

অনুবাদঃ-ইয়া আল্লাহ্!আমি আপনার কাছে পবিত্র রিযিক,লাভদায়ক ইল্ম(জ্ঞান)ক্বুবুল করা হবে এমন বিষয়ের জন্য প্রার্থনা করছি।(ইমামুল হা¯ফিয আশ্শাইখ আবীল আব্বাস্ জায়াফর বিন মুহাম্মদ আলমুস্তাগফিরী রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-৪৩২হিজরী কিতাবুদ্ দা-ওয়া¯তের মধ্যে বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-১৩

হযরত সাইয়্যেদুনা ইরাক ইবনে মা¯লিক রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত,তিনি যখন জুমায়ার নামায সমাধা করে নিতেন তখন ফিরে মাসজিদের দরজার কাছে গিয়ে বসে যেতেন এবং আরয করতেনঃ-ইয়া আল্লাহ্! আমি আপনার দাওত ক্বুবুল করেছি এবং আপনার ফরযকে আদায় করেছি এবং আপনি যার জন্য হুকুম দিয়েছিলেন সেটাকে আদায় করেছি এখন আপনি আপনার ফযল থেকে রিযিক্ব প্রদান করুন নিশ্চয়ই আপনি হলেন উতম রুজিদাতা(ইমামুল হা¯ফিয আশ্শাইখ আবীল আব্বাস্ জায়াফর বিন মুহাম্মদ আলমুস্তাগফিরী রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-৪৩২হিজরী কিতাবুদ্ দা-ওয়া¯তের মধ্যে বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-১৪

হযরত সাইয়্যেদুনা আব্দুল্লাহ্ ইবনে ওমার রাদ্বীয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে,

যখন হযরত নূহ আলা নাবিয়ানা আলাইহিস্ সালামের ইন্তেকালের সময় নিকটবর্তী হল তখন তিনি(আলাইহিস্ সালাম)নিজের পুত্রকে উপদেশ দিলেন যে,তোমাকে দুটি কথার হুকুম দিচ্ছিঃ-

١. لَا اِلٰهَ اِلَّا اللّٰه

٢. سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهٖ

উচ্চারণঃ-❶লা ইলা হা ইল্লা-লাহু ❷সুব্হানাল্লা হি ওয়াবিহাম্দিহি।

নিশ্চয়ই ইহা হল প্রত্যেক বস্তুর জন্য দুয়া এবং এর দ্বারাতেই প্রত্যেক প্রাণী রুজী পায়(আমিরুল মুমিনিন ফীলহা দীস ইমাম আবু আব্দুল্লাহ্ মুহাম্মদ বিন ইসমাইল বুখারী ইন্তেকাল-২৫৬হিজরী আদাবুল মুফরাদের মধ্যে, ইমামুল হাদীস আবুবাকার আহ্মদ বিন আম্র্ বায্যা ইন্তেকাল ৪৯৪হিজরী এবং ইমামুল কাবীর আবু আব্দুল্লাহ্ হাকীম ইন্তেকাল-৪০৫হিজরী রাদ্বীয়াল্লাহু আনহুম বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-১৫

হযরত সাইয়্যেদুনা জাবির বিন আব্দুল্লাহ্ রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে,আমি(আলাইহিস্ সালাম)তোমাদেরকে কি ঐদুটি কথা বলবো না,যে দুটি কথা হযরত নূহ আলা নাবিয়ানা আলাইহিস্ সালাম নিজের পুত্রকে আদেশ করেছিলেন। তিনি(আলাইহিস্ সালাম)বলেছিলেনঃ-

سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهٖ

উচ্চারণঃ-সুব্হানাল্লা হি ওয়াবিহাম্দিহি।

ফলকথা হল প্রত্যেক বস্তু আল্লাহর হাম্দ করে এবং এটাই হল সমস্ত মাখলুকের দুয়া এবং এর বদলে সকলেই রিযিক পায়(ইমামুল হা ফিয আশ্শাইখ আবীল আব্বাস্ জায়াফর বিন মুহাম্মদ আলমুস্তাগফিরী রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-৪৩২হিজরী কিতাবুদ্ দা-ওয়া তের মধ্যে বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-১৬

হযরত সাইয়্যেদুনা আব্দুল্লাহ্ ইবনে ওমার রাদ্বীয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত,তিনি বলেন যে,একব্যক্তি হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পবিত্র দর্বারে উপস্থিত হয়ে আরয করলেনঃ- ইয়া আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমি নিজের অভাবগ্রস্থ হয়ে পড়ার জন্য আপনার(আলাইহিস্ সালাম)কাছে দারস্ত হয়েছি,তখন হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেনঃ- তুমি ফারিশ্তাদের দুয়া এবং সমস্ত সৃষ্টির তসবিহ্ থেকে গাফিল কেন? ফযরের সময় প্রবেশ করার পর থেকে নামায আদায় করার পূর্বে ১০০বার এই দুয়াঃ-

পরের পৃষ্ঠায় দেখুনঃ-

سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهِ سُبْحَانَ اللّٰهِ
الْعَظِيْمِ اَسْتَغْفِرُ اللّٰهَ الْعَظِيْمَ

উচ্চারণঃ-সুব্হানাল্লা হি ওয়াবিহাম্দিহি সুব্হানাল্লা হিল আযীম আস্তাগফিরুল্লা হা আযীম।

পাঠ করে নিবে নিশ্চয়ই তার বর্কতে দুনিয়া তোমার কাছে নাকের ভরে উপস্থিত হবে(ইমামুল হা ফিয আশ্শাইখ আবীল আব্বাস্ জায়াফর বিন মুহাম্মদ আলমুস্তাগফিরী রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-৪৩২হিজরী বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-১৭

হযরত সাইয়্যেদুনা হিশাম বিন আব্দুল্লাহ্ বিন জুবাইর রাদ্বীয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত,তিনি বলেন যে, হযরত ওমার ইবনুল খাত্তাব কাছে একবার কোন মুশকিল ব্যাপার উপস্থিত হলে তিনি হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দর্বারে উপস্থিত হয়ে নিজের সেই অসুবিধার ব্যাপারে সমাধান চেয়ে বললেন আমাকে এক ওসাক্ব খেজুর প্রদান করুন। তখন হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,যদি তুমি চাও তাহলে তোমার জন্য এক ওসাক্ব খেজুরের জন্য হুকুম করে দেবো এবং যদি তুমি চাও তাহলে তোমাকে এমন কিছু কলমা শিখিয়ে দেবো, যা তোমার জন্য খেজুরের চেয়ে উত্তম হবে; তুমি এটা পাঠ করতে থাকোঃ-

اَللّٰهُمَّ احْفَظْنِىْ بِالْاِسْلَامِ قَاعِدًا وَّقَائِمًا
وَّرَاقِدًا وَّلَاتُطِعْ فِىَّ عَدُوًّا وَّلَا حَاسِدًا
وَّأَعُوْذُبِكَ مِنْ شَرِّ مَا أَنْتَ آخِذٌ بِنَصِيَةِ وَ
اَسْئَلُكَ مِنَ الْخَيْرِ الَّذِىْ هُوَ بِيَدِكَ كُلِّهِ

উচ্চারণঃ-আল্লাহুম্মাহ্ ফাযনী বিলইসলামি ক্বা ইদাউঁ ওয়া ক্বা ইমাউঁ ওয়া রাক্বিদাউঁ ওয়ালা তুত্বীয় ফিইয়া আদুয়াউঁ ওয়ালা হা সিদাউঁ ওয়া আউযুযুবিকা মিন্ শার্‌রি মা আন্তা আ খিযুন বিনা সিয়াতি ওয়া আস্য়ালুকা মিনাল খাইরিল্ লাযী হুয়া বিয়াদিকা কুল্লিহি।

অনুবাদঃ-অ্যায় আল্লাহ্! আমাকে আমার চলতে,বসতে,উঠতে প্রত্যেক অবস্থায় ইসলামের সাথে হিফাযাত করুন এবং দুশমন এবং হিংসুকদেরকে দিকে রাস্তা দিয়ো না এবং আমি প্রত্যেক ঐবস্তুর থেকে পানাহ্ চাইছি,যাকে আপনার কুদরতে ধরে রেখেছে এবং সমস্ত ভালায়ী আপনার দাস্তে কুদ্‌রাতের মধ্যে আছে এবং আপনার কাছে উত্তম বিষয়ের জন্য প্রার্থণা করছি(ইমামুল হা ফিয আশ্শাইখ আবীল আব্বাস্ জায়াফর বিন মুহাম্মদ আলমুস্তাগফিরী রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-৪৩২হিজরী,বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-১৮

হযরত সাইয়্যেদুনা মাওলা আলী রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে, অ্যায় আলী রাদ্বীয়াল্লাহু আনহু তুমি কোন বস্তু বেশী পছন্দ করো যে,৫০০ছাগল এবং তার মালিকানা? অথবা এই ৫টি কলমা যার দ্বারা তুমি দুয়া করো,তুমি এটা পড়বেঃ-

اَللّٰهُمَّ اغْفِرلِى ذَنْبِى وَطَيِّبْ لِى كَسْبِى وَوَسِّعْ لِى فِى خُلُقِى وَلَا تَمْنَعْنِى مِمَّاقَضَيْتَ لِى وَلَا تَذْهَبْ نَفْسِى اِلٰى شَىْءٍ صَرَّفْتَهُ عَنِّى.

উচ্চারণঃ-আল্লাহুমাগ্ ফিরলী যাম্বী ওয়া ত্বাইইব্ লী কাস্‌বী ওয়া ওয়া ওয়াসী‾ লী ফী খুলুক্বী ওয়ালা তাম্ নায়ানী মিম্মা‾ ক্বাদ্বায়তা ইলা‾শাইইন সার্‌রাফ্‌তাহু আন্নী।

অনুবাদঃ- অ্যায় আল্লাহ্! আমার গুনাহ্‌কে মাফ করে দিন,আমার রিযিকের মধ্যে পবিত্রতা দিন,এবং আমার চরিত্রে আরো সুন্দর বানিয়ে দিন এবং যা আমার জন্য নির্দিষ্ট করেছেন সেটাকে আমার জন্য বন্ধ করবেন না এবং যে বস্তুকে আমার থেকে দূরে করেছেন আমার মনকে ঐবস্তুর দিকে যেতে দিবেন না(ইমামুল হা‾ফিয আশ্‌শাইখ আবীল আব্বাস্ জায়াফর বিন মুহাম্মদ আলমুস্তাগফিরী রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-৪৩২হিজরী,বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-১৯

হযরত সাইয়্যেদাতুনা আয়েশা সিদ্দিকা রাদ্বীয়াল্লাহু আনহা হতে বর্ণিত,তিনি বলেন যে,আমাকে আমার আব্বাজান(হযরত সাইয়্যেদুনা আবুবাকার রাদ্বীয়াল্লাহু আনহু)ইরশাদ করেছেন যে,আমি কি তোমাকে ঐ দুয়া শেখাবো না? যা আমাকে হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শিখিয়েছেন,হযরত ইসা আলাইহিস্ সালাম এই দুয়া নিজের হাওয়ারী(সাহাবী)দেরকে শিখিয়েছিলেন অতএব তোমার উপরে যদি উহুদ পাহাড়ের বরাবর কর্জ বাদেনা থাকে আল্লাহ্ তায়ালা সেটাকে নামিয়ে দিবেন। আমি বললাম নিশ্চয় বলুন তখন হযরত সাইয়্যেদুনা আবুবাকার রাদ্বীয়াল্লাহু আনহু ইরশাদ করলেন এইটা পড়ুনঃ-

اَللّٰهُمَّ فَارِجَ الْهَمِّ كَاسِفَ الْكَرْبِ مُجِبَ دَعْوَةِ الْمُضْطَرِّ رَحْمٰنَ الدُّنْيَا وَالْاٰخِرَةِ رَحِمَهُمَا اَنْتَ رَحْمَانِى[وفى رواية أنت تَرْحَمُنِىْ]فَارْحَمْنِى رَحْمَةً تُغْنِيْنِى بِهَا عَنْ رَّحْمَةِ مَنْ سِوَاكَ.

উচ্চারণঃ-আল্লাহুম্মা ফারিজাল হাম্মি কা শিফাল কারবি মুজিবা দায়াওয়াতিল মুদ্ত্বার্‌রি রাহ্‌মানাদ্ দুন্‌ইয়া ওয়াল আ খিরাতি রাহীমাহুমা আন্তা রাহ্‌মা নী(ওয়া ফী রাওয়াতিল আ খির আন্তা তারহাম্‌নী)ফারহাম্‌নী রাহ্‌মাতান্ তুগনিনী বিহা আঁর রাহ্‌মাতিন মান্ সিওয়াক্।

অনুবাদঃ-অ্যায় আল্লাহ্! অ্যায় চিন্তা দূরকারী,দুঃখ দূরকারী,চিন্তিত অবস্থার দুয়া ক্ববুলকারী,দুনিয়া এবং আখিরাতে মেহেরবানকারী,আপনিই আমার উপরে রহমকারী। অ্যায় রহমকার আপনি আমার উপরে এমন রহম করুন, যা অন্য রহমকারীদের চেয়ে বেনিয়াজ করে দিবে।

হযরত সাইয়্যেদুনা আবুবাকার রাদ্বীয়াল্লাহু আনহু ইরশাদ করেছেন যে,আমার উপরে একটা কর্জ বা দেনা ছিল তার জন্য আমার লজ্জাবোধ হচ্ছিলো(অতএব এই দুয়া পড়াতে আরম্ভ করলাম)মাত্র কিছুদিন পড়া হয়েছে এবং আল্লাহ্ তায়াল একজায়গা থেকে আমাকে লাভবান করলেন তার দ্বারা আমি দেনা মিটিয়ে দিলাম।

হযরত সাইয়্যেদাতুনা আয়েশা সিদ্দিকা রাদ্বীয়াল্লাহু আনহা ইরশাদ করেন যে,আমার উপরে হযরত সাইয়্যেদাতুনা আসমা রাদ্বীয়াল্লাহু আনহার কিছু দেনা ছিল এবং তার জন্য আমি তার কাছে লজ্জাবোধ করছিলাম তারপর আমি এই দুয়া পড়তে আরম্ভ করলাম। মাত্র কিছুদিন পড়া হয়েছে আল্লাহ্ তায়ালা মিরাস ও সাদকা ব্যতীত আমাকে রিযিক প্রদান করলেন এবং তার দ্বারা আমি দেনা শোধ করে দিলাম

এবং আমার ভাই আব্দুর্ রহমান বিন আবুবাকার রাদ্বীয়াল্লাহু আনহুর জন্য ৩টি অলঙ্কার তৈরী করে দিলাম এবং তার পরেও আমার কাছে বড় ধরণের টাকা বেঁচে থাকলো(ইমামুল হাদীস আবুবাকার আহ্‌মদ বিন আম্‌র ইন্তেকাল-৪৯৪হিজরী,ইমামুল কাবীর আবু আব্দুল্লাহ্ ইন্তেকাল ৪০৫হিজরী,ইমামুল মুহাদ্দীসিন আবুবাকার আহমাদ বিন হুসাইন রাদ্বীয়াল্লাহু আনহু বাইহাকী ইন্তেকাল-৪৫৮হিজরী,কিতাবুদ্ দাওয়াতের মধ্যে বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-২০

হযরত সাইয়্যেদুনা আবুসাঈদ রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার হযরত সাইয়্যেদুনা আবু ওমামা রাদ্বীয়াল্লাহু আনহুকে দেখে বললেন তোমার কি হয়েছে? উত্তরে তিনি বললেন আমাকে দুঃখ এবং দেনাতে ভরে ঘিরে নিয়েছে। তখন হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন, আমি কি তোমাকে ঐ কালাম শেখাবোনা? যা পাঠ করলে আল্লাহ্ তায়ালা তোমার দুঃখ কষ্ট দূর করে দিবেন এবং তোমার উপর থেকে দেনাকে নামিয়ে দিবেন অর্থাৎ দেনা শোধ করার ক্ষমতা দিবেন। তারপর হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন সকাল সন্ধ্যায় ইহা পড়তে থাকোঃ-

اَللّٰهُمَّ اِنِّیْ اَعُوْذُبِکَ مِنَ الْکَسَلِ وَاَعُوْذُبِکَ مِنَ الْبُخْلِ

وَالْجُبْنِ وَاَعُوْذُبِکَ مِنْ غَلَبَةِ الدَّیْنِ وَقَهْرِ الرِّجَالِ

উচ্চারণঃ-আল্লা¯হুম্মা ইন্নি আস্য়ালুকা মিনাল কাসালি ওয়া আঊযুবিকা মিনাল বুখলি ওয়ালজুব্নি ওয়া আঊযুবকা মিন গালাবাতিদ্ দ্বীনি ওয়া ক্বাহ্রির্ রিজাল্।

অনুবাদঃ-অ্যায় আল্লাহ্! আমি অলসতা থেকে আপনার পানাহ্ চাইছি,এবং কৃপণতা ভয়ভীতি থেকে আপনার পানাহ্ চাইছি এবং দেনার ভারী থেকে এবং লোকেদের আক্রমন থেকে আপনার পানাহ্ চাইছি(ইমামুল কাবীর হা¯ফিযুল হাদীস আবুদাউদ ইন্তেকাল-২৭৫হিজরী এবং ইমামুল মুহাদ্দীসিন আবুবাকার আহমাদ বিন হুসাইন রাদ্বীয়াল্লাহু আনহুমা বাইহাকী ইন্তেকাল-৪৫৮হিজরী,কিতাবুদ্ দাওয়াতের মধ্যে বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-২১

হযরত সাইয়্যেদুনা মাওলা আলী রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, এক মাকাতিব গোলাম তাঁর কাছে এসে আরয করলেন লিখিত মাল আদায়ের ব্যাপারে আমার মদত করুন। তখন হযরত সাইয়্যেদুনা মাওলা আলী রাদ্বীয়াল্লাহু আনহু ইরশাদ করলেন! আমি কি তোমাকে ঐ কলমা শেখাবো না,যা হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে শিখিয়েছেন। অতএব তোমার উপর যদি কোহে শাবীরের(একটি পাহাড়)মতো দেনা থাকে তবু আল্লাহ্ তোমার উপর থেকে নামিয়ে দিবেন। ঐব্যক্তি তবে অবশ্যই শেখান! তখন তিনি(রাদ্বীয়াল্লাহু আনহু) বললেন ইহা পাঠ করবেঃ-

اَللّٰهُمَّ اكْفِنِىْ بِحَلَالِكَ عَنْ حَرَامِكَ

وَاَغْنِنِىْ بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ.

উচ্চারণঃ-আল্লাহুম্মা আকফিনী বিহালালিকা ওয়া হারা¯মিকা ওয়া আগনিনী বিফাদ্বলিকা আম্মান্ সিওয়াক্।

অনুবাদঃ-অ্যায় আল্লাহ্! আমাকে হালাল রিযিক দান করুন এবং হারাম মাল থেকে বাঁচান এবং আপনার ফযল থেকে আমাকে ধণী তৈরী করে অনান্যদের থেকে চিন্তা মুক্ত করুন(ইমামুল মুহাদ্দীসিন আবুবাকার আহমাদ বিন হুসাইন রাদ্বীয়াল্লাহু আনহুমা বাইহাকী ইন্তেকাল-৪৫৮হিজরী,বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-২২

হযরত সাইয়্যেদুনা মাওলা আলী রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে,একদা হযরত ফাতিমা রাদ্বীয়াল্লাহু আনহা হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পবিত্র দর্বারে উপস্থিত আরয করলেন,ফারিশ্তা আলাইহিস্ সালামগণের খাবার হল তাস্বীহ্ এবং তাহ্লীল্ কিন্তু আমাদের খাবার? তখন হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন,ঐযাতের কসম!

যিনি আমাকে(আলাইহিস্ সালাম)হক্বের সাথে প্রেরণ করেছেন যে,আলে মুহাম্মাদ(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)এর ঘরে ৩দিন পর্যন্ত চুলা জ্বলে না। অবশ্য এখন কিছু এসেছে যদি তুমি চাও তাহলে তা থেকে এক পঞ্চামাংশ তোমাকে দিয়ে দেবো অথবা যদি তুমি চাও তাহলে তোমাকে ৫টি কলমা শিখিয়ে দেবো যা হযরত জিব্রাইল আলাইহিস সালাম আমাকে শিখিয়েছেন (আল্লাহর তরফ থেকে এসে বলেছেন)। অ্যায় বেটি তুমি পাঠ করতে থাকোঃ-

يَا أَوَّلَ الْاَوَّلِيْنَ وَ يَاآخِرَ الْاٰخِرِيْنَ وَ يَاذَا الْقُوَّةِ الْمَتِيْنِ

وَيَارَاحِمَ الْمَسَاكِيْنَ وَيَاأَرْحَمَ الرَّاحِمِيْنَ.

উচ্চারণঃ-ইয়া আওয়ালাল আওয়ালীনা ওয়া ইয়া আ—খিরাল আ—খিরীনা ওয়া ইয়া যাল— ক্বুওয়াতিল মাতীনি ওয়া ইয়া রা—হিমাল্ মাসা—কীনা ওয়া ইয়া আর্হামার্ রা—হিমীনা(ইমামুল হা—ফিয আশ্শাইখ আবীল আব্বাস্ জায়াফর বিন মুহাম্মদ আলমুস্তাগফিরী রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-৪৩২হিজরী,বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-২৩

হযরত সাইয়্যেদাতুনা আয়েশা সিদ্দিকা রাদ্বীয়াল্লাহু আনহা ইরশাদ করেন যে,যখন হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাশরীফ আনতেন তখন ইহা পাঠ করতেনঃ-

اَللّٰهُمَّ رَبَّ السَّمٰوَاتِ السَّبْعِ وَرَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ

اِلٰه[اَوْرَبَّ] كُلِّ شَيْءٍ مُنْزِلَ التَّوْرَاةِ وَالْاِنْجِيْلِ [وَالزَّبُوْرِ]

وَالْفُرْقَانِ فَالِقَ الْحَبِّ وَنَوٰى أَعُوْذُبِكَ مِنْ شَرِّ كُلِّ شَيْءٍ

أَنْتَ آخِذٌ بِنَاصِيَةِ اَللّٰهُمَّ أَنْتَ الْاَوَّلُ [فَلَيْسَ]قَلْبَكَ شَيْءٌ

[وأَنْتَ]الْآخِرُ فَلَيْسَ بَعْدَكَ شَيْءٌ وأَنْتَ الْبَاطِنُ فَلَيْسَ

دُوْنَكَ شَيْءٌ اِقْضِ عَنَّا الدَّيْنَ وَاغْنِنَا مِنَ الْفَقْرِ.

উচ্চারণঃ-আল্লাহুম্মা রাব্বাস্ সামাওয়া—তিস্ সাব্য়ী ওয়া রাব্বাল্ আর্শীল আযীমি ইলাহা কুল্লি শাইইন মুন্যিলাত্ তাওরাতি ওয়াল ইঞ্জিলে ওয়াল ফুরক্বানি ফা—লিকাল হাব্বি ওয়ান্নাওয়া আউযুবিকা মিন শার্রি কুল্লি শাইইন আন্তা আ—খিযুন বিনাসিয়াতি আল্লাহুম্মা আন্তাল্ আওওয়ালু ক্বাবলাকা শাইইন আল্ আ—খিরু

ফালাইসা বায়াদাকা শাইউন ওয়া আন্তাল্ বাত্বিনু ফালাইসা দূনাকা শাইউন ইক্বদ্বি আন্নাদ্ দীনা ওয়া আগনিনা- মিনাল ফাক্বরি।

অনুবাদঃ- অ্যায় আল্লাহ্! সাত আসমান এবং আর্শে আযীমের মালীক। অ্যায় প্রত্যেক বস্তুর প্রতিপালক তাওরাত ইঞ্জিল ও ক্বোরআন মাজিদ অবতীর্ণকারী,বীজ থেকে গাছ উৎপাদনকারী, আমি প্রত্যেক ঐবস্তু থেকে আপনার পানাহ চাইছি যাকে আপনার পবিত্র দাস্তে মুবারক ধরে রেখেছে। অ্যায় আল্লাহ্! আপনিই হলেন সর্বপ্রথম এবং আপনার আগে কোন বস্তু নাই এবং আপনিই হলেন সর্বশেষ আপনার পরে কোন বস্তু নাই,এবং আপনিই হলেন বাত্বিন আপনি ব্যতিত কেউ নাই। আমার কর্জকে আদায় করেদিন এবং আমাকে অভাবগ্রস্থ হওয়া থেকে হিফাযাত করুন(ইমাম হা¯আহ্মদ বিন আলী আবু ইয়ালা রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-৩০৭হিজরী বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-২৪

হযরত সাইয়্যেদুনা ক্বিলা বিনতে মাখরুমা রাদ্বীয়াল্লাহু আনহা থেকে বর্নিত, তিনি বলেন যখন তিনি রাত্রিতে বিছানায় শুতে যেতেন তখন এই দুয়া পাঠ করতেনঃ-

أَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّآمَاتِ الَّتِىْ لَا يُجَاوِزُ هُنَّ بِرٌّ وَفَاجِرٌ مِنْ شَرِّ مَايَنْزِلُ مِنَ السَّمَاءِ وَمَايَعْرِجُ فِيْهَا وَشَرِّ مَايَنْزِلُ فِى الْاَرْضِ وَشَرِ مَايَخْرُجُ مِنْهَاوَشَرِّ فِتَنِ النَّهَارِ وَطَوَارِقَ اللَّيْلِ اِلَّاطَارِقًا يَّطْرُقُ بِخَيْرٍ وَاٰمَنْتُ بِاللّٰهِ[وَ]اعْتَصَمْتُ بِاللّٰهِ اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ تَوَاضَعَ لِعَظْمَتِهِ كُلُّ شَىْءٍ وَاَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ خَضَعَ لِمُلْكِهِ كُلُّ شَىْءٍ اَللّٰهُمَّ اِنِّىْ اَسْئَلُكَ بِمَعَاقِدِ الْعِزِّ مِنْ عَرْشِكَ وَمُنْتَهَى الرَّحْمَةِ مِنْ كِتَابِكَ وَجَدُّكَ الْاَعْلٰى وَاِسْمُكَ الْاَكْبَرُ وَكَلِمَاتُ التَّآمَاتِ الَّتِىْ لَا يُجَاوِزُ هُنَّ بِرٌّ وَلَا فَاجِرٌ اَنْ تَنْظُرَ اِلَيْنَا نَظْرَةً مَرْحُوْمَةً لَا تَدَّعْ لَنَا ذَنْبًا اِلَّا غَفَرْتَهُ وَفَقِيْرًا اِلَّا جَبَّرْتَهُ وَلَا عَدُوًّا

اِلَّا أَهْلَكْتَهُ وَلَا عُرْيَانًا اِلَّا كَسَوْتَهُ وَلَا دَيْنًا اِلَّا قَضَيْتَهُ وَلَا أَمْرًا لَنَا فِيْهِ فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ خَيْرًا اِلَّا أَعْطَيْتَنَا يَا اَرْحَمَ الرَّاحِمِيْنَ اٰمَنْتُ بِاللّٰهِ وَاعْتَصَمْتُ بِهِ وَالْحَمْدُ لِلّٰهِ أَرْبَعَةً وَّثَلَاثِيْنَ وَاللّٰهُ أَكْبَرُ ثَلَاثًا وَثَلَاثِيْنَ [وَسُبْحَانَ اللّٰهِ ثَلَاثًا وَثَلَاثِيْنَ]

উচ্চারণঃ-আউযু বিকালিমা তিল্লাহিত্ তা ম্ মা তিল লাতী লা য়ুযাবিযু হুন্না বির্রুন ওয়ালা ফা জিরুন মিন শার্রি মা ইয়ান যিলু মিনাস্ সামায়ি ওয়ামা ইয়ারুজু ফীহা ওয়া শার্রি ইয়ান যিলু ফীল আরদ্বি ওয়ায় শার্রি মা ইয়াখরুজু মিনহা ওয়া শার্রি ফিতানিন্ নাহা রি ওয়া ত্বাওয়ারিক্বিল লাইলি ইল্লা ত্বারিক্বাইঁ ইয়াত্বরুক্ব বিখাইরিন ওয়া আমান্তু বিল্লা হি আ তাসাম্তু বিল্লাহি আলহাদু লিল্লা হিল্লাযী তাওয়াদ্বায়া লি আযমাতিহি কুল্লি শায়ইন ওয়াল আমদু লিল্লা হিল্লাযী খাদ্বায়া লিমুল কিহি কুল্লি শায়ইন আল্লাহুম্মা ইন্নি আসয়ালুকা বিমায়াককিদিল ইজ্জি মিন আর্শিকা ওয়া মুন্তাহীর্ রাহমাতি মিন কিতাবিকা ওয়া জাদ্দুকাল আয়ালা ওয়াস্মুকাল আকবারু

ওয়া কালি মাতুত্ তা মা তিল লাতী লা য়ুজাবিযু হুন্না বির্রুন্ওয়ালা ফা জিরুন আন্ তানযুরা ইলাইনা নায্রাতান মারহূমাতান লা তাদ্দী লানা যাম্বান ইল্লা গাফারতাহু ওয়ালা ফাক্বীরান ইল্লা জাব্বারতাহু ওয়ালা আদুওয়ান ইল্লা আহ্লাকতাহু ওয়ালা উরিয়ানা ন ইল্লা কাসাওতাহু ওয়ালা যাম্বান ইল্লা কাদ্বায়তু ওয়ালা আমরান লানা ফীহি ফীদ্ দুন্ইয়া ওয়ায়ল আ খিরাতি খাইরান ইল্লা আ ত্বাইতানা ইয়া আর্হামার্ রা হিমিন আ মান্তু বিল্লা হি ওয়া সাম্তু বিহি ওয়ালহামদু লিল্লা হি আরবায়াতা ওয়া সালাসীনা ওয়াল্লাহু আকবার সালাসান ওয়া সালাসীনা(ওয়া সুব্হা নাল্লাহি সালাসান ওয়া সালাসীনা)।

অনুবাদঃ-আমি আল্লাহর এমন ইস্মে কামিল(পরিপূর্ণ পবিত্র নাম)দ্বারা পানাহ্(আশ্রয়) নিচ্ছি যাকে কোন নেক এবং বদ আতিক্রম করতে পারবে না। ঐসমস্ত খারাপি থেকে যা আসমান থেকে অবতীর্ণ হয়েছে এবং আসমানে উঠে যায় এবং যমিনের মধ্যে বর্তমানে উপস্থিত আছে তার থেকে বের হওয়া খারাপি থেকে এবং তার ফিত্না থেকে এবং রাত্রির নক্ষত্রের খারাপি থেকে ইহা ব্যতিত যে, যে ভালায়ি রাত্রিতে অবতীর্ণ হয় এবং আমি আল্লাহ তায়ালার উপরে ইমান আনছি এবং তাঁর উপরেই ভরসা করি।

সমস্ত প্রশংসা আল্লাহর জন্যই যার আযমাতের সামনে সমস্ত বস্তু কমজোর এবং সমস্ত প্রশংসা তাঁর জন্যই যার বাদশাহীর কাছে সকলেই কমজোর।

অ্যায় আল্লাহ্!আমি আপনার সম্মানিত আর্শের পায়ার সাথে এবং আপনার কিতাবের সম্মানিত মর্যদার সাথে আরয করছি এবং আপনার বুজুর্গি অনেক বড় এবং আপনার পুরস্কার হল অতি উত্তম এবং আপনার পরিপূর্ণ কালিমার দ্বারা যাকে কেউ অতিক্রম করে পারবে না। আপনি আমার দিকে আপনার রহমতের দৃষ্টিপাত করুন। আমার গুনাহকে মাফ করে দিন। আমার গরীবি অস্থাকে ধণীতে পরিণিত করে দিন। আমার দুশমনকে বর্বাদ করে দিন। যার কাপড় নাই তাকে কাপড় দান করুন,দেনা থেকে পরিত্রান দান করুন এবং দুনিয়া এবং আখিরাতে ভালায়ী প্রদান করুন।অ্যায় সবচেয়ে বেশী দয়ালু! এবং আমি আল্লাহ্ তায়ালার উপর ইমান আনছি এবং তার উপরেই ভরসা করছি।সমস্ত প্রশংসা আল্লাহর জন্যই এবং আল্লাহ্ সবচেয়ে বড়। ৩৪বার আলহামদু লিল্লাহ্,৩৩বার আল্লাহু আকবার,৩৩বার সুবহানাল্লাহ্।

তারপরে বলেনঃ- অ্যায় বেটি ইহা হল হিকমাতের খাযানা তিনি আরো বলেন- হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহেব জাদী(হযরত ফাতিমা রাদ্বীয়াল্লাহু আনহা) একবার হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খিদমতে খাদীম নেওয়ার জন্য গেলেন তখন হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,আমি(আলাইহিস্ সালাম)তোমাকে খাদীমের চেয়েও উত্তম বস্তুর ব্যাপারে বলবো না কি? হযরত ফাতিমা রাদ্বীয়াল্লাহু আনহা আরয করলেন অবশ্যই বলুন!

অতএব হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাত্রিতে খাবার পরে এবং বিছানাতে শুতে যাওয়ার সময় এই তাস্বিহ্(৩৩বার সুবহানাল্লাহ,৩৩বার আলহামদু লিল্লাহ,এবং ৩৪বার আল্লাহু আকবার) ১০০বার পাঠ করতে বললেন(হা ফিযুল হাদীস ইমাম আবুল কাসিম সুলাইমান তাব্রাণী রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-৩৬০হিজরী হাসান সনদের সাথে বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-২৫

হযরত আবু মুনজির হিশাম বিন মুহাম্মদ রাহিমা হুমুল্লাহ নিজের পিতার অনুকরনে বর্ণনা করেছেন যে,হযরত সাইয়্যেদুনা হাসান বিন আলী রাদ্বীয়াল্লাহু আনহুর একবার সামান্য হাত খালি ছিল অবশ্য বাৎসরিক হিসাবে ১লক্ষ টাকা ওযিফা হিসাবে পেতেন। কিন্তু হযরত আমিরে মুয়াবিয়া রাদ্বীয়াল্লাহু আনহু কয়েক বছর থেকে ওযিফা না দেওয়ার কারণে তাঁর তাহ খালি হয়ে যায় এবং খুব কষ্টের মধ্যে পড়ে যান। তিনি কালি ও কলম আনার হুকুম দিলেন যাতে হযরত আমিরে মুয়াবিয়া রাদ্বীয়াল্লাহু আনহুকে নিজের অবস্থার ব্যাপারে অবগত করিয়ে ওযিফা নিতে পারেন। কিন্তু হঠাৎ করে লেখা থেকে বিরত হলেন এবং নিজের অবস্থা সম্পর্কে জানানো উচিত মনে করলেন না।

অতএব রাত্রিতে স্বপ্নের মধ্যে হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখলেন,তিনি(আলাইহিস্ সালাম)জিজ্ঞাসা করলেন অ্যায় হাসান !কেমন আছো?

উত্তরে বললেন অ্যায় বাবাজান আমি ভালো আছি কিন্তু ওযিফা পেতে দেরী হওয়ার জন্য একটু অসুবিধার মধ্যে আছি,তখন হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন। তুমি তো কলম এবং কালি আনতে বললে যাতে তোমার মতো মাখলুক লিখে অবগত করানোর জন্য,আমি আরয করলাম বাবাজান এছাড়া আমি কি করবো? হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অ্যায় প্রিয় ইহা পাঠ করতে থাকোঃ-

اَللّٰهُمَّ اقْذِفْ فِىْ قَلْبِىْ رَجَئَكَ وَاقْطَعْ عَمَّنْ سِوَاكَ حَتّٰى لَا أَرْجُوْ أَحَدًا غَيْرَكَ اَللّٰهُمَّ وَمَاضَعُفَتْ نَفْسِىْ عَنْهُ قُوَّتِىْ وَقَصُرَ عَنْهُ عَمَلِىْ وَلَمْ تَنْتَهِ اِلَيْهِ رَغْبَتِىْ وَلَمْ تَبْلُغْهُ مَسْئَلَتِىْ وَلَمْ يَجْرِ عَلَى لِسَانِىْ مَاأَعْطَيْتَ أَحَدٌ مِنَ الْاَوَّلِيْنَ وَالْاٰخِرِيْنَ مِنَ الْيَقِيْنِ فَخُصَّنِىْ بِهٖ يَارَبَّ الْعَالَمِيْنَ.

উচ্চারণঃ-আল্লাহুম্মাক্বযফ্ ফী ক্বালবী রাযায়াকা ওয়াক্বতায়া আম্মান সিওয়া¯কা হাত্তা¯ লা আরজু আহাদান গাইরাকা আল্লাহুম্মা দ্বায়ুফাত নাফ্সী আনহু ক্বওয়াতী ওয়াক্বাস্রা আনহু আমালী ওয়া লাম তান্তাহি ইলাইহি রাগবাতী ওয়া লাম তাবলুগহু মাসয়ালাতী ওয়া লাম ইয়াজরি আল লিসা¯নী মা¯ আ¯তায়তা আহাদুন মিনাল আওয়ালীনা ওয়াল আ¯খিরীনা মিনাল ইয়াক্বিনি ফাখুস্সানী বিহি ইয়া রাব্বাল আ¯লামী¯ন।

অনুবাদঃ-অ্যায় আল্লাহ্! আমার অন্তরে শুধু আপনারই পবিত্র যাতের উপরেই ভরসা ভরে দিন এবং আপনার ভরসা ব্যতিত প্রত্যেকের ভরসা বের করে দিন এবং আমি যেন আপনি ব্যতিত কারোর উপরে ভরসা না রাখি। অ্যায় আল্লাহ্! কোন বস্তুর দ্বারা আমার নাফসে মজবুতি থাকা সত্ত্বেও যেন তা থেকে কমজোর হয়ে যায় এবং আমার কাজ ঐবস্তুর জন্য কমে যায় এবং আমার ইচ্ছা থাকা সত্ত্বেও যেন সেই বস্তু পর্যন্ত পৌঁছাতে না পারি এবং আমার চাওয়ার অনুরোধটা যেন তার নিকট পর্যন্ত পৌঁছাতে না পারে এবং আমার জবানে যেন না আসে তা যে কোন বস্তু হোক না কেন। যা আপনি পূর্বের ও পরের জন্য মাফ করে দেন। অ্যায় আল্লাহ্! তাদের সাথে আমাকেও খাস করে নিন।

হযরত সাইয়্যেদুনা হাসান বিন আলী রাদ্বীয়াল্লাহু আনহু বলেন যে, আমার সেই ওযিফাটা এক সপ্তাহও পাঠ করা হয়নি কিন্তু এদিকে হযরত আমিরে মুয়াবিয়া রাদ্বীয়াল্লাহু আনহু আমার কাছে ৫লক্ষ টাকা পাঠিয়া দিয়ে দিলেন। তখন আমি বললাম সমস্ত প্রশংসা আল্লাহর জন্যই যিনি নিজের যিকিরকারীকে ভূলেন না এবং তাঁর কাছে প্রার্থনাকারীদেরকে কখনোও নিরাশ করেন না। আবার আমি স্বপ্নের মধ্যে হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যিয়ারত করলাম। তখন হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞাসা করলেন। অ্যায় হাসান কেমন আছো? আমি বললাম,অ্যায় আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমি ভালো আছি এবং তার পরে আমার অবস্থার কথা বললাম। তা শুনে হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,অ্যায় বেটা! যারা খালিক্বের কাছে ভরসা রাখে এবং মাখলুককে গুরুত্ব দেয় না তাদের সাথে এধরণেরই ব্যাপার ঘটে থাকে।

আবেদন

এই বই শুধু মাত্র নেটের মধ্যেই পাবেন কারণ ইহা প্রেস থেকে ছাপা হয়নি। কোন ধর্ম প্রাণ মুসলমান এই পুস্তকটি ছাপার জন্য কিছু অর্থের ব্যবস্থা করে দিলে খুব খুশি হবো-অনুবাদক

visit করুন yanabi.in
হাদীসের আলোতে রুজী বৃদ্ধির উপায়

দ্বিতীয় অধ্যায়

রুজীর বর্কতের আমলের ব্যাপারে আলোচনা

হাদীস শরীফ-২৬

হযরত সাইয়্যেদুনা আবু হুরায়রাহ রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে,যে ব্যক্তি চায় যে তার রুজীতে বর্কত হোক এবং তার বয়স বাড়িয়ে দেওয়া হোক তার উচিৎ সে যেন সিলা রহমী করে অর্থাৎ আত্মীয় স্বজনের সাথে সৎ ব্যবহার করে(আমিরুল মুমিনিন ফীলহা—দীস ইমাম আবু আব্দুল্লাহ্ মুহাম্মদ বিন ইসমাইল বুখারী রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-২৫৬হিজরী বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-২৭

হযরত সাইয়্যেদুনা আনাস রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে,

যে ব্যক্তি চায় আল্লাহ্ তায়ালা তার ঘরের মধ্যে খাইর ও বর্কত(রুজীতে উত্তম রহমত)অবতীর্ণ করুক। তার উচিৎ সে যেন খাবার খাওয়ার পূর্বে এবং খাবার খাওয়ার পরে ওযু করে নেয়(এখানে ওযু বলতে মুখ এবং দুই হাতকে কব্জি পর্যন্ত ধোওয়া)(ইমামুল মুহাদ্দীসিন আবু আব্দুল্লাহ্ মুহাম্মদ ইবনে মাযা রাদ্বীয়াল্লাহু আনহু-ইন্তেকাল-২৭৫হিজরী বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-২৮

হযরত সাইয়্যেদুনা মুয়ামার রাদ্বীয়াল্লাহু আনহু এবং একজন ক্বোরাইশী ব্যক্তি থেকে বর্ণিত। যে,যখনই হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পবিত্র রুজীতে তাঙ্গী(অল্প রুজী) দেখতেন১ নিজের ঘরের লোকেদেরকে বেশী বেশী করে নামায পড়ার হুকুম দিতেন এবং সাথে সাথে এই আয়াত শরীফটাও পড়তেনঃ-

১)এখানে শুধু মাত্র উম্মতের কথা চিন্তা করে হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রুজীতে কমী এসেছে বলা হয়েছে যেন আমাদের মতো গুনাহগারেরা রুজীর বর্কতের জন্য আল্লাহর দর্বারে দুয়া করার একটা রাস্তা পায় তাছাড়া হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আল্লাহপাক কুল কায়েনাতের মালিক বানিয়ে দিয়েছেন। মিশকাত ও বুখারী শরীফে আছে হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইচ্ছা করলে পাহাড়কে সোনাতে পরিণিত করতে পারেন-অনুবাদক

وَأْمُرْ أَهْلَكَ بِالصَّلٰوةِ وَاصْطَبِرْ عَلَيْهَا ط لَا نَسْئَلُكَ رِزْقًا ط نَحْنُ نَرْزُقُكَ ط وَالْعَاقِبَةُ لِلتَّقْوٰى[سورة طه ٢٠,آية١٣٢]

উচ্চারণঃ-ওয়া-মুর্ আহ্লাকা বিস্সালা তি ওয়াস্ত্বাবির্ আলাইহা লা নাস্য়ালুকা রিযকা ন নাহনু নারযুক্কুকা ওয়াল আ ক্বিবাতু লিত্ তাক্ওয়া।

অনুবাদঃ-এবং আপন পরিবারবর্গকে নামাযের আদেশ দাও এবং নিজেও সেটার উপর অবিচলিত থাকো। আমি তোমার নিকট কোন জীবিকা চাইনা; আমি তোমাকে জীবিকা দেবো; এবং শুভপরিণাম খোদাভীরুতার জন্য(সুরা-ত্বাহা,আয়াত-১৩২,পারা-১৬)(কানযুল ইমান)(ইমামুল মুহাদ্দিসীন ইমামুল কাবীর আব্দুর্ রায্যাক ইমামুল হুমাম সান্য়ানী রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-২১১হিজরী,নিজের কিতাব মুসান্নাফের মধ্যে বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-২৯

হযরত সাইয়্যেদুনা মুয়ামার,হযরত হামযা,হযরত আব্দুল্লাহ্ ইবনে সালাম রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন নিজের আহলে আয়ালকে১ কোন কষ্ট বা তাঙ্গীর মধ্যে দেখতেন তখন তাদেরকে বেশী বেশী করে নামায পড়ার হুকুম দিতেন এবং এই আয়াত শরীফ পাঠ করতেনঃ-

وَأْمُرْ أَهْلَكَ بِالصَّلٰوةِ وَاصْطَبِرْ عَلَيْهَا ط لَا نَسْئَلُكَ رِزْقًا ط نَحْنُ نَرْزُقُكَ ط وَالْعَاقِبَةُ لِلتَّقْوٰى[سورة طه ٢٠,آية ١٣٢]

উচ্চারণঃ-ওয়া-মুর্ আহ্লাকা বিস্সালা তি ওয়াস্ত্বাবির্ আলাইহা লা নাস্য়ালুকা রিযকা ন নাহনু নারযুক্কা ওয়াল আ ক্বিবাতু লিত্ তাক্ওয়া।

১)আহলে আয়াল বলতে হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খান্দান বা ঘর পরিবার বা বংশকে বোঝায় এবং তাফসীরে মধ্যে আছে যে, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খান্দান বলতে সমস্ত মুমিন মুমিনাতকেও বোঝায়-অনুবাদক

অনুবাদঃ-এবং আপন পরিবারবর্গকে নামাযের আদেশ দাও এবং নিজেও সেটার উপর অবিচলিত থাকো। আমি তোমার নিকট কোন জীবিকা চাইনা; আমি তোমাকে জীবিকা দেবো; এবং শুভপরিণাম খোদাভীরুতার জন্য(সুরা-ত্বাহা,আয়াত-১৩২,পারা-১৬)(কানযুল ইমান)(ইমামুল হাদীস হা ফিযুল কাবীর সাঈদ ইবনে মানসুর খুরাসানী মাক্কী ইন্তেকাল২২৭হিজরী নিজের সুনানে এবং ইমাম ইবনে মুনযির রাদ্বীয়াল্লাহু আনহুমা নিজের তাফসীরের মধ্য বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-৩০

হযরত সাইয়্যেদুনা সাবিত রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খান্দানের মধ্যে কোন বড় ধরনের অসুবিধায় দেখলে,তাদেরকে ডাকতেন এবং বলতেন অ্যায় আমার ঘর পরিবার নামায পড়।

হযরত সাইয়্যেদুনা সাবিত রাদ্বীয়াল্লাহু আনহু বলেন যে,যখন নবী আলাইহিমুস্ সালামগণের উপরেও কোন সমস্যা আসত তারাও(আলাইহিমুস্ সালাম)নামাযের দিকে দৌড়ে আসতেন(হুজ্জাতুল্লাহি আলাল আর্দ্বি,হা ফিযুল হাদীস,ইমাম ইমাম আহ্মদ বিন হাম্বাল ইন্তেকাল-২৪১হিজরী কিতাবুয্ যুহদ্ এর মধ্যে ইমামুল মুফাস্সিরিন হা ফিযুল হাদীস ইবনে আবী হা তিম ইন্তেকাল-৩২৭হিজরী স্বীয় নিজের তাফসীরের মধ্যে বর্ণনা করেছেন রাদ্বীয়াল্লাহু আনহুমা)।

হাদীস শরীফ-৩১

হযরত সাইয়্যেদুনা মুয়ায বিন জাবাল রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত,হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে, অ্যায় লোকেরা! আল্লাহ্ তায়ালার তাক্ওয়ার তেজারাত(ব্যবসা)কর তারপর রিযিক তোমাদের কাছে মাল,সম্পদের বিনা তেজারতে চলে আসবে। এবং এই আয়াত শরীফটা পাঠ করেনঃ-

وَمَنْ يَّتَّقِ اللّٰهَ يَجْعَلْ لَّهٗ مَخْرَجًا ۙ

وَّيَرْزُقْهُ مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ ؕ

উচ্চারণঃ-ওয়া মাই ইয়াত্ তাক্বিল্লাহা লাহু মাখরাজাউঁ। ওয়া ইয়ারযুক্বহু মিন হাইসু লা¯ইয়াহ্তাসিবু।

অনুবাদঃ-এবং যে আল্লাহকে ভয় করে,আল্লাহ তার জন্য মুক্তির পথ বের করে দেন। এবং তাকে সেখান থেকে জীবিকা দেবেন,যেখানে তার কল্পনাও থাকে না (সুরা ত্বালাক ২৮ পারা,আয়াত-২ ও ৩)(কানযুল ইমান)(হাফীযুল হাদীস ইমাম আবুল ক্বাসিম সুলাইমান ত্বাব্রাণী রাদ্বীয়াল্লাহু আনহু,ইন্তেকাল-৩৬০হিজরী এবং ইমামুল কাবীর আবুবাকার আহমাদ বিন মুসা বিন মুরদুয়াই রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল ৪১০হিজরী, বর্ণনা করেছেন)।

হাদীস শরীফ-৩২

হযরত সাইয়্যেদুনা সূবান রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে, যখন কোন ব্যক্তি গুনাহ করে এবং সেটাকে ভালো মনে করে তখন তার রুজী কমিয়ে দেওয়া হয়(হুজ্জাতুল্লাহি আলাল আর্দ্বি,হা¯ফিযুল হাদীস,ইমাম ইমাম আহ্মদ বিন হাম্বাল ইন্তেকাল-২৪১ হিজরী, হা¯ফিযুল হাদীস ইমামুল কাবীর আবু আব্দুর্ রহমান আহ্মদ বিন শুয়াইব নাসাঈ ইন্তেকাল-৩০৩হিজরী এবং ইমামুল মুহাদ্দীসিন আবু আব্দুল্লাহ্ মুহাম্মদ ইবনে মাযা-ইন্তেকাল-২৭৫হিজরী,রাদ্বীয়াল্লাহু আনহুমা প্রমুখগণ বর্ণনা করেছেন)।

বর্তমান সময়ে ত্বালাক্ব নিয়ে অমুসলিমদের মধ্যে একটা সুড়সুড়ি উঠেছে। তারা বলছে এই ত্বালাক্ব বন্ধ করা উচিৎ এটা হচ্ছে কূ-সংস্কার কিন্তু তারা নিজেদের সমাজ আকাশতুল্য কূ-সংস্কারে জর্জরিত থাকা সত্বেও তা দেখতে পায় না। ত্বালাকে কি লাভ আছে বা কি ক্ষতি আছে ? ক্বোরআন ও হাদীসে সূত্র থেকে মুফতী নুরুল আরেফীন সাহেবের কলমে প্রকাশিত

ত্বালাক্বের অকাট্য বিধান

পুস্তকটি পাঠ করুন। এবং ত্বালাক্ব সম্বন্ধে সমস্ত উত্তর জেনে নিন। বাতিলের উত্তর দেওয়ার জন্য তৈরী হয়ে যান।

visit করুন yanabi.in

আজই সংগ্রহ করুন

মুহাদ্দীসে বাঙ্গাল মুফতী নুরুল আরেফীন রেজবী আযহারী সাহেবের কলমে প্রকাশিত

১৫ই শতাব্দীর মহান

মুজাদ্দীদ ইবনে মুজাদ্দীদ

মুফতী আযমে হিন্দ রাহমাতুল্লাহি

আলাইহির্ রাহমার জীবনি

visit করুন yanabi.in

হাদীসের আলোতে রুজী বৃদ্ধির উপায়

আপনাদের জন্য আনন্দ সংবাদ

আনন্দ সংবাদ খুব শীঘ্রই

মুহাদ্দীসে বাঙ্গাল মুফতী নুরুল আরেফীন রেজবী আযহারী সাহেব ও অনান্য সুন্নী আলিমের দ্বারা লিখিত দক্ষিন দামোদর এলাকার এবং পশ্চিম বাংলায় আলোড়ন সৃষ্টিকারী মুসলমান সমাজের হাতিয়ার সান্মাসিক

সুন্নী দর্পন

পত্রিকা প্রকাশিত হতে চলেছে। আপনারা মেম্বারসিপ গ্রহন করুন। যোগাযোগ-+919732030031

পশ্চিম বাংলা,আসাম,ত্রিপুরা এবং বাংলা দেশের একমাত্র সুন্নীদের বাংলা ওয়েব সাইট

www.yanabi.in

হাদীস শরীফ-৩৩

হযরত সাইয়্যেদুনা ইমরান বিন হাসীন রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে, যখন কোন ব্যক্তি আল্লাহর মুখাপেক্ষী বা আল্লাহরই উপরেই ভরসা রাখে তখন আল্লাহ্ তায়ালা তার অভাবকে দূর করে দেন এবং এমন জায়গা থেকে রুজীর ব্যবস্থা করে দেন যা তার কল্পনার বাইরে থাকে। আর যখন কোন ব্যক্তি দুনিয়ার মুখাপেক্ষী হয়ে পড়ে,আল্লাহ্ তায়ালা তাকে দুনিয়ার কাছে অর্পণ করে দেন(ইমামুল মুফাস্সিরিন হা—ফিযুল হাদীস ইবনে আবী হা—তীম রাদ্বীয়াল্লাহু আনহু ইন্তেকাল-৩২৭ হিজরী স্বীয় তাফসীরের মধ্যে বর্ণনা করেছেন)।

সমাপ্ত

visit করুন yanabi.in
হাদীসের আলোতে রুজী বৃদ্ধির উপায়

আজই সংগ্রহ করুন ও
বদমাযহাব সম্পর্কে বিস্তারিত
জানার জন্য পাঠ করুনঃ-

ওলামায়ে দেওবন্দের অভিমত

ঘরে ও বাহিরে

লেখক
খলিফায়ে মুফ্তী আযামে হিন্দ মুস্তাফা রেজা খান
হযরত আল্লামা মুফ্তী মুহাম্মাদ শামসুদ্দিন
আহমদ ক্বাদেরী রেজবী রাহমাতুল্লাহি আলায়
খন্নি, লোকপুর, বীরভূম।

সংস্করণ ও সংকলণ
মুফতী মুহাম্মাদ সাফাউদ্দিন সাক্বাফী আল আশরাফী
ফাযিলে কেরালা,M.A(থিয়োলজি) ফাস্ট ক্লাস
আলিয়া ইউনিভারসিটি কলকাতা(পঃবঃ)

৭৮৬/৯২/৯১৭

রেজা মেমোরিয়াল ট্রাষ্ট

(একটি পাবলিক চ্যারিটেবল ট্রাষ্ট)

খাঁপুর (রেজবী নগর),দ:২৪পরগনা
প্রতিষ্ঠিত -জানুয়ারী ,২০১৩
ডিরেক্টর:-মাওলানা আনওয়ার হোসাইন রেজবী

হেল্পলাইন:-০৯৭৩৪৩৭৩৬৫৮

বি:দ্র:-আপনারা দেশ,সমাজ,মানবজাতি,আহলে সুন্নাত ওয়াল জামায়াতের উন্নতি ও কল্যানের লক্ষ্যে রেজা মেমোরিয়াল ট্রাষ্টের মেম্বার হন,বন্ধু -বান্ধব ও আত্মীয় স্বজনদের মেম্বার হওয়ার জন্য উৎসাহিত করুন।

আরও অধিক তথ্য পেতে **visit করুন yanabi.in**

visit করুন yanabi.in
হাদীসের আলোতে রুজী বৃদ্ধির উপায়

রেজবী একাডেমীর প্রকাশিত কিছু বই

১.খাতিমুল মুহাক্কীকিন
২. ইলমে গায়ের প্রসঙ্গ
৩.তাবলিগী জামায়াত প্রসঙ্গ
৪.জানে ঈমান তরজমা
৫.সাওতুল হক্ব
৬.সুন্নী তোহফা বা নামাযে মুস্তাফা
৭.তাবলিগী জামায়াত মুখোশের অন্তরালে
৮.মিলাদুন্নাবী
৯.শানে হযরত মুয়াবীয়া রাদিয়াল্লাহু আনহু
১০.সাহাবায়ে কেরাম ও আক্বিদায়ে আহলে সুন্নাত
১১.তাহমীদে ঈমান তরজমা
১২.এ যুগের দাজ্জাল জাকীর নায়েক (সংগৃহীত)
১৩. আম্মাপারা সংক্ষিপ্ত টীকা
১৪. নুরী নামায শিক্ষা
১৫.জাগ্রত অবস্থায় জিয়ারতে মুস্তাফা
১৬. দোওয়া কিভাবে কবুল হয়
১৭)৩৮৩টি হাদীস শরীফের ব্যাখা সহ সিহাসিত্তাহ ও আক্বায়েদে আহলে সুন্নাত

visit করুন yanabi.in